দৈনিক ইনকিলাব

তারিখ ... ... JAN. 30 2000..
পৃষ্ঠা ৩ কলাম ২ ...

13

# পুলিশের সাহায্যে চট্টগ্রাম ভার্সিটি সচল করার চেষ্টা ব্যর্থ

**চট্টগ্রাম ব্যুরো ঃ** পুলিশের সহায়তায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়কে সচল করার প্রশাসনিক প্রচেষ্টা ব্যর্থ হয়েছে। গতকালও (শনিবার) বিশ্ববিদ্যালয়ে সার্বিক অচলাবস্থা অব্যাহত ছিল।

ক্যাম্পাসে তিন শিবির নেতার খুনীদের গ্রেফতার ও শাস্তি প্রদান এবং গ্রেফতারকৃত ৫৪ জন শিবির কর্মীর মুক্তির দাবীতে লাগাতার অবরোধ মোকাবেলায় বিশ্ববিদ্যালয় প্রশাসন পুলিশের সহায়তায় গতকাল শাটল ট্রেন ও বাস চালানোর উদ্যোগ নেয়। কিন্তু এতেও শাটল ট্রেন ও বাস চালাতে সক্ষম হয়নি। ক্যাম্পাসে স্বল্পসংখ্যক কর্মচারী উপস্থিত হলেও কোন কাজকর্ম হয়নি। অবরোধ চলাকালে গতকাল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্রশিবিরের এক প্রতিবাদ সভা ক্যাম্পাসের ২নং গেইট এলাকায় অনুষ্ঠিত হয়। শিবির সভাপতি মুজিবুর রহমান মঞ্জুর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তৃতা করেন শিবির নেতা মিয়া মোহাম্মদ তৌফিক, আলাউদ্দিন শিকদার, দিদারুল আলম মজুমদার প্রমুখ। বক্তারা একজন শিবির কর্মী বেঁচে থাকতে খুনীদের গ্রেফতার ব্যতীত বিশ্ববিদ্যালয় চালানোর সকল প্রচেষ্টা রুখে দেয়া হবে বলে হুঁশিয়ারি উচ্চারণ করেন। এদিকে, বিশ্ববিদ্যালয়ে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনার লক্ষ্যে ভাইস চ্যান্সেলর প্রফেসর আব্দুল মান্নান ৩য় ও ৪র্থ শ্রেণী কর্মচারী ইউনিয়ন নেতৃবৃন্দের সাথে

এক মতবিনিময় সভায় মিলিত হন। ভিসির কক্ষে অনুষ্ঠিত এ সভায় উপস্থিত ছিলেন ভারপ্রাপ্ত রেজিস্ট্রার ডঃ জহরুল আলম চৌধুরী, কর্মচারী সমিতির সভাপতি মোহাম্মদ আইয়ুব, সহসভাপতি ইব্রাহিম, আব্দুর রহিম, কর্মচারী ইউনিয়নের সভাপতি আব্দুল মন্নান, সাধারণ সম্পাদক মকবুল আহমদ ও যানবাহন চালকদের পক্ষে আবুল খায়ের প্রমুখ। সভায় কর্মচারী নেতৃবৃন্দ প্রশাসনকে সাঠিক সহায়তাদানের আশ্বাস দেন বলে বিশ্ববিদ্যালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।